[প্রাক-প্রাথমিক স্কুল, মাদ্রাসা ও কিন্ডার গার্টেনের জন্য প্রণীত]

# শিশুর দ্বীনিয়াত

গবেষণা বিভাগ

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

**প্রকাশক**

**হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ**

নওদাপাড়া, রাজশাহী-৬২০৩

হাফাবা প্রকাশনা-১০০

ফোন : ০২৪৭-৮৬০৮৬১

মোবাইল : ০১৮৩৫-৪২৩৪১০, ০১৭৭০-৮০০৯০০ ।

**الدينيات للأطفال**

**تأليف : قسم البحوث**

الناشر : حديث فاؤنديشن بنغلاديش

(مؤسسة الحديث للطباعة والنشر)

**১ম প্রকাশ** : ডিসেম্বর ২০১৯ খ্রি.

**২য় সংস্করণ** : ডিসেম্বর ২০২০ খ্রি.

॥ **সর্বস্বত্ব প্রকাশকের** ॥

**কম্পোজ**

হাদীছ ফাউণ্ডেশন কম্পিউটার্স

**মুদ্রণ**

হাদীছ ফাউণ্ডেশন প্রেস, নওদাপাড়া, রাজশাহী

**নির্ধারিত মূল্য**

৩০ (ত্রিশ) টাকা মাত্র

---

**Shishur Deeniyat** by **Department of Research**. Published by **HADEETH FOUNDATION BANGLADESH**. Nawdapara, Rajshahi, Bangladesh. Ph & Fax : 88-0247-860861. Mob: 01835-423410, 01770-800900 E-mail : tahreek@ymail.com. Web : www.hadeethfoundationbd.com

# সূচীপত্র (المحتويات)



| | | |
|---|---|---|
| **প্রকাশকের কথা** | | ৪ |
| **প্রথম অধ্যায়** | **হিফযুল কুরআন** | ৫ |
| | সূরা ফাতিহা | ৫ |
| | সূরা নাস | ৫ |
| | সূরা ফালাক্ব | ৬ |
| | সূরা ইখলাছ | ৬ |
| | সূরা নাছর | ৬ |
| | সূরা কাওছার | ৭ |
| | সূরা আছর | ৭ |
| **দ্বিতীয় অধ্যায়** | **দো‘আ শিক্ষা** | ৮ |
| প্রথম পাঠ | সালাম-সম্ভাষণ | ৮ |
| দ্বিতীয় পাঠ | লেখাপড়া | ৯ |
| তৃতীয় পাঠ | খানাপিনা | ১১ |
| চতুর্থ পাঠ | ঘুম | ১২ |
| পঞ্চম পাঠ | পরিষ্কার-পরিচ্ছন্নতা | ১৩ |
| ষষ্ঠ পাঠ | স্বাস্থ্য | ১৪ |
| সপ্তম পাঠ | সৎকর্ম | ১৫ |
| অষ্টম পাঠ | গৃহের আদব | ১৮ |
| **তৃতীয় অধ্যায়** | **আক্বীদা শিক্ষা** | ২০ |
| প্রথম পাঠ | কালেমা | ২০ |

| | | |
|---|---|---|
| দ্বিতীয় পাঠ | আক্বীদা | ২১ |

বিসমিল্লা-হির রহমা-নির রহীম

## প্রকাশকের কথা

সন্তান-সন্ততি মানুষের দুনিয়াবী জীবনের অন্যতম শ্রেষ্ঠ সম্পদ। এই সম্পদকে সঠিকভাবে প্রতিপালন করা এবং তাকে নৈতিক ও মানবিক মূল্যবোধ সম্পন্ন করে গড়ে তোলা একজন অভিভাবকের অবশ্য কর্তব্য। সেই সাথে সমাজ ও রাষ্ট্রের কর্ণধারদেরও দায়িত্ব ভবিষ্যৎ প্রজন্মকে সঠিকভাবে বেড়ে ওঠার পরিবেশ নিশ্চিত করা। আমরা মুসলিম। এই পৃথিবীতে আমাদের আগমনের উদ্দেশ্য এক আল্লাহ্‌র ইবাদত করা। আর ইবাদতের জন্য প্রয়োজন সঠিক জ্ঞান ও নৈতিক শিক্ষা। তাছাড়া প্রাত্যহিক জীবনে চলার পথেও এর কোন বিকল্প নেই। সেই লক্ষ্যকে সামনে রেখে ছোট্ট সোনামণিদেরকে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আলোকে দ্বীনের প্রাথমিক জ্ঞান শিক্ষা দানের লক্ষ্যে **'হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ'**-এর গবেষণা বিভাগ থেকে 'শিশুর দ্বীনিয়াত' পুস্তকটি সংকলন করা হয়েছে। এটি বিভিন্ন মাদ্রাসা ও স্কুলের শিশু/নার্সারী শ্রেণীর পাঠ্য উপযোগী।

আশা করি পুস্তকটি ছোট্ট সোনামণিদের দ্বীনের প্রাথমিক শিক্ষা লাভের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এটি রচনা ও পরিমার্জনে যারা সহযোগিতা করেছেন তাদের সকলের প্রতি রইল কৃতজ্ঞতা। আল্লাহ আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টা কবুল করুন এবং একে আমাদের নাজাতের অসীলা করুন-আমীন!

*সচিব*
*হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ*

## প্রথম অধ্যায় : হিফযুল কুরআন

*[শিক্ষার্থীরা নিম্নোক্ত সূরাগুলো শুনে শুনে মুখস্থ করবে]*

### সূরা ফাতিহা

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ۙ﴿۱﴾ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۙ﴿۲﴾
مٰلِكِ يَوْمِ الدِّيْنِ ؕ﴿۳﴾ اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ
ؕ﴿۴﴾ اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ۙ﴿۵﴾ صِرَاطَ الَّذِيْنَ
اَنْعَمْتَ عَلَيْهِمْ ۙ﴿۶﴾ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا
الضَّآلِّيْنَ ﴿۷﴾ (آمِيْنَ)-

### সূরা নাস

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ ۙ﴿۱﴾ مَلِكِ النَّاسِ ۙ﴿۲﴾ اِلٰهِ النَّاسِ
ۙ﴿۳﴾ مِنْ شَرِّ الْوَسْوَاسِ ۙ۵ الْخَنَّاسِ ۪ۙ﴿۴﴾ الَّذِىْ يُوَسْوِسُ فِىْ
صُدُوْرِ النَّاسِ ۙ﴿۵﴾ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ﴿۶﴾

## সূরা ফালাক্ব

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ ۙ﴿۱﴾ مِنْ شَرِّ مَا خَلَقَ ۙ﴿۲﴾ وَمِنْ
شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ ۙ﴿۳﴾ وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِى
الْعُقَدِ ۙ﴿۴﴾ وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ ﴿۵﴾

## সূরা ইখলাছ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ۚ﴿۱﴾ اَللّٰهُ الصَّمَدُ ۚ﴿۲﴾ لَمْ يَلِدْ ۙ٥ وَلَمْ
يُوْلَدْ ۙ﴿۳﴾ وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ﴿۴﴾

## সূরা নাছর

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ ۙ﴿۱﴾ وَرَاَيْتَ النَّاسَ يَدْخُلُوْنَ
فِىْ دِيْنِ اللّٰهِ اَفْوَاجًا ۙ﴿۲﴾ فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ
اِنَّهٗ كَانَ تَوَّابًا ﴿۳﴾

## সূরা কাওছার

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِنَّآ اَعْطَيْنٰكَ الْكَوْثَرَ ۝١ فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ ۝٢

اِنَّ شَانِئَكَ هُوَ الْاَبْتَرُ ۝٣

## সূরা আছর

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالْعَصْرِ ۝١ اِنَّ الْاِنْسَانَ لَفِیْ خُسْرٍ ۝٢ اِلَّا الَّذِيْنَ

اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَتَوَاصَوْا بِالْحَقِّ ۵

وَتَوَاصَوْا بِالصَّبْرِ ۝٣


### অনুশীলনী

**মুখস্থ বল :** সূরা ফাতিহা, নাস, ফালাক্ব, ইখলাছ, কাওছার, নাছর ও আছর ।

# দ্বিতীয় অধ্যায় : দো‘আ শিক্ষা

*[শিক্ষার্থীরা নিম্নোক্ত দো‘আগুলো শুনে শুনে মুখস্থ করবে]*

## প্রথম পাঠ : সালাম-সম্ভাষণ



❖ **কাউকে সালাম দেওয়ার সময় হাসিমুখে বলবে,**

اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللّٰهِ

***উচ্চারণ :*** *আসসালা-মু আলাইকুম ওয়া রহমাতুল্ল-হ।*

**অর্থ :** ‘আপনার (বা আপনাদের) উপর শান্তি ও আল্লাহ্‌র অনুগ্রহ বর্ষিত হোক’।

❖ **সালামের জবাবে বলবে,**

وَعَلَيْكُمُ السَّلَامُ وَرَحْمَةُ اللّٰهِ وَبَرَكَاتُهُ

***উচ্চারণ :*** *ওয়া আলাইকুমুস সালা-মু ওয়া রহমাতুল্ল-হি ওয়া বারাকা-তুহ।*

**অর্থ :** ‘আপনার (বা আপনাদের) উপরেও শান্তি এবং আল্লাহ্‌র অনুগ্রহ ও দয়া বর্ষিত হোক’।

# দ্বিতীয় পাঠ : লেখাপড়া

❖ **লেখাপড়ার শুরুতে বলবে,**

**أَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ**

**بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ**

**উচ্চারণ :** *আ'উযু বিল্লা-হি মিনাশ শাইত্ব-নির রজীম। বিসমিল্লা-হির রহমা-নির রহীম।*

**অর্থ :** আমি বিতাড়িত শয়তান হতে আল্লাহ্‌র আশ্রয় প্রার্থনা করছি। পরম করুণাময় অসীম দয়ালু আল্লাহ্‌র নামে (শুরু করছি)।



❖ **নিজের জ্ঞান বৃদ্ধির জন্য বলবে,**

رَبِّ زِدْنِيْ عِلْمًا *(রব্বি যিদনী 'ইল্‌মা)*

**অর্থ :** 'হে আমার প্রতিপালক! আমার জ্ঞান বৃদ্ধি করে দাও' *(ত্বহা ১১৪)* ।

❖ **প্রতিদিন সকালে বা ফজরের ছালাতের পর বলবে,**

اَللّٰهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ عِلْمًا نَافِعًا وَعَمَلاً مُّتَقَبَّلاً وَرِزْقًا طَيِّباً

**উচ্চারণ :** *আল্ল-হুম্মা ইন্নী আসআলুকা 'ইলমান নাফি'আন, ওয়া 'আমালাম মুতাক্বব্বালান, ওয়া রিঝক্বন ত্বইয়িবা ।*

**অর্থ :** 'হে আল্লাহ! আমি তোমার নিকটে উপকারী জ্ঞান, কবুলযোগ্য আমল ও পবিত্র রূযী প্রার্থনা করছি' ।



# তৃতীয় পাঠ : খানাপিনা

❖ **খাওয়ার শুরুতে বলবে,**

بِسْمِ اللّٰهِ *(বিসমিল্লা-হ)*

**অর্থ :** ‘আল্লাহ্‌র নামে শুরু করছি’ ।

◈ ডান হাত দিয়ে প্লেটের ডান পার্শ্ব থেকে এবং কাছের দিক থেকে খাওয়া শুরু করবে, মধ্যখান থেকে নয় ।

❖ **খাওয়ার শেষে বলবে,**

اَلْحَمْدُ لِلّٰهِ *(আলহামদুলিল্লা-হ)*

**অর্থ :** ‘যাবতীয় প্রশংসা আল্লাহ্‌র জন্য’ ।

❖ **প্রথমে ‘বিসমিল্লা-হ’ বলতে ভুলে গেলে খাওয়া শেষ হওয়ার আগেই বলবে,**

بِسْمِ اللّٰهِ أَوَّلَهُ وَآخِرَهُ

**উচ্চারণ :** *বিসমিল্লা-হি আউওয়ালাহূ ওয়া আ-খিরাহূ।*

**অর্থ :** ‘আল্লাহ্‌র নামে খাওয়া শুরু ও শেষ’ ।

# চতুর্থ পাঠ : ঘুম

**❖ ঘুমানোর সময় ডান কাতে শুয়ে বলবে,**

اَللّٰهُمَّ بِاسْمِكَ أَمُوْتُ وَأَحْيَا

**উচ্চারণ :** *আল্ল-হুম্মা বিসমিকা আমূতু ওয়া আহ্ইয়া ।*

**অর্থ :** 'হে আল্লাহ! তোমার নামে আমি মরি ও বাঁচি' ।

**❖ ঘুম থেকে উঠার সময় বলবে,**

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ أَحْيَانَا بَعْدَ مَا أَمَاتَنَا وَإِلَيْهِ النُّشُوْرُ

**উচ্চারণ :** *আল-হাম্দু লিল্লা-হিল্লাযী আহ্ইয়া-না বা'দা মা আমা-তানা ওয়া ইলাইহিন্ নুশূর ।*

**অর্থ :** 'সমস্ত প্রশংসা সেই আল্লাহ্র জন্য, যিনি আমাদেরকে মৃত্যুর পর জীবিত করলেন এবং ক্বিয়ামতের দিন তাঁরই নিকটে ফিরে যেতে হবে' ।



# পঞ্চম পাঠ : পরিষ্কার-পরিচ্ছন্নতা

❖ **টয়লেটে প্রবেশের সময় বলবে,**

(بِسْمِ اللّٰهِ) اَللّٰهُمَّ إِنِّىْ أَعُوْذُ بِكَ مِنَ الْخُبُثِ وَالْخَبَائِث

***উচ্চারণ :*** *(বিসমিল্লাহ) আল্ল-হুম্মা ইন্নী আ'উযুবিকা মিনাল খুবুছি ওয়াল খবা-ইছ।*

**অর্থ :** '(আল্লাহ্‌র নামে প্রবেশ করছি) হে আল্লাহ! আমি পুরুষ ও মহিলা জিন (-এর অনিষ্টকারিতা) থেকে তোমার কাছে আশ্রয় প্রার্থনা করছি'।

❖ **টয়লেট হতে বের হওয়ার সময় বলবে,**

غُفْرَانَكَ *(গুফ্‌র-নাকা)*

**অর্থ :** 'হে আল্লাহ! তোমার নিকটে ক্ষমা চাই'।

❖ **শয়তান হতে রক্ষা পাওয়ার জন্য বলবে,**

أَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

***উচ্চারণ :*** *আ'উযুবিল্লা-হি মিনাশ শাইত্ব-নির রজীম।*

**অর্থ :** 'আমি আল্লাহ্‌র নিকটে আশ্রয় চাই বিতাড়িত শয়তান হতে'।

# ষষ্ঠ পাঠ : স্বাস্থ্য

❖ **হাঁচি দিয়ে বলবে,**

اَلْحَمْدُ ِللهِ *(আল-হামদু লিল্লা-হ)*

**অর্থ :** 'যাবতীয় প্রশংসা আল্লাহ্‌র জন্য' ।

❖ **শ্রোতা বলবে,**

يَرْحَمُكَ اللهُ *(ইয়ারহামু কাল্ল-হ)*

**অর্থ :** 'আল্লাহ আপনার প্রতি অনুগ্রহ করুন' ।

❖ **জবাবে হাঁচি দাতা পুনরায় বলবে,**

يَهْدِيْكُمُ اللهُ وَيُصْلِحُ بَالَكُمْ

***উচ্চারণ :*** *ইয়াহদীকুমুল্ল-হু ওয়া ইউছ্‌লিহু বা-লাকুম্‌ ।*

**অর্থ :** 'আল্লাহ আপনাকে হেদায়াত করুন এবং আপনার অবস্থা সংশোধন করুন' ।